

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৯১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. প্রথম অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

بَابُ تَسْوِيَةِ الصَّفِّ

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَآنَا حلقا فَقَالَ: «مَالِي أَرَاكُمْ عِزِينَ؟» ثُمَّ خَرَجَ عَلَيْنَا فَقَالَ: «أَلَا تَصنُفُّ الْمَلَائِكَةُ عِنْدَ رَبِّهَا؟» فَقُلْنَا: يَا رَسُولَ اللَّهِ وَكَيْفَ تَصنُفُّ الْمَلَائِكَةُ عِنْدَ رَبِّهَا؟ قَالَ: «يُتِمُّونَ الصُّفُوفَ الْمَلَائِكَةُ عِنْدَ رَبِّهَا؟ قَالَ: «يُتِمُّونَ الصُّفُوفَ الْأَوْلَى وَيَتَرَاصنُونَ فِي الصَّفَ» . رَوَاهُ مُسلم

বাংলা

১০৯১-[৭] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট বের হয়ে এসে আমাদেরকে গোল হয়ে ভিন্ন ভিন্ন ভাবে বসা দেখে বললেন, কি ব্যাপার তোমাদেরকে বিভক্ত হয়ে বসে থাকতে দেখা যাচ্ছে। এরপর আর একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের মাঝে আগমন করলেন এবং বললেন, তোমরা কেন এভাবে কাতারবদ্ধ হয়ে দাঁড়াচ্ছ না যেভাবে মালায়িকাহ্ (ফেরেশতারা) আল্লাহর সামনে কাতারবদ্ধ হয়ে দাঁড়ায়। আমরা আবেদন করলাম, হে আল্লাহর রসূল! মালায়িকাহ্ আল্লাহর সামনে কিভাবে কাতারবদ্ধ হয়ে দাঁড়ায়? তিনি বললেন, তারা প্রথমে সামনের কাতার পুরা করে এবং কাতারে মিলেমিশে দাঁড়ায়। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটিতে মসজিদে একাধিক দল হয়ে আলাদা হয়ে থাকতে নিষেধ করা হয়েছে। সালাতসহ অন্যান্য 'ইবাদাতে মালাকগণের (ফেরেশতাদের) অনুসরণের কথা বলা হয়েছে। জামা'আতে সালাতের প্রথম কাতারগুলো



আগে পূর্ণ করতে ও পরস্পরের মাঝে ফাঁক বন্ধ করে এঁটে দাঁড়াতে বলা হয়েছে। আর তা এভাবে যে, প্রথম কাতার পূর্ণ না হওয়া পর্যন্ত দ্বিতীয় কাতারে দাঁড়াবে না। দ্বিতীয় কাতার পূর্ণ না হওয়া পর্যন্ত তৃতীয় কাতারে দাঁড়াবে না। এমনিভাবে তৃতীয় কাতার পূর্ণ না হওয়া পর্যন্ত চতুর্থ কাতারে দাঁড়াবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন